24

দৈনিক ইত্তেফাক

তারিখ 15 DEC 1997
পৃষ্ঠা ৭৩ কলাম ৪

# রাজশাহী শিক্ষা বোর্ডে চেয়ারম্যান পদ শূন্য

রাজশাহী অফিস ।। রাজশাহী শিক্ষা বোর্ডে বর্তমানে চেয়ারম্যানের পদ শূন্য। পূর্বতন চেয়ারম্যান ১৬ই অক্টোবর অবসর গ্রহণ করার পর বোর্ডের সচিব অতিরিক্ত দায়িত্ব হিসাবে চেয়ারম্যানের দায়িত্ব পালন করিতেছেন।

ডিসেম্বর মাস হইল শিক্ষা বোর্ডের জন্য গুরুত্বপূর্ণ মাস। এই মাসে এস-এসসি পরীক্ষার ফরম দাখিল করা হয়। এইচএসসি পরীক্ষার ফরম পূরণের প্রক্রিয়া শুরু হইয়া যায়। রেজিষ্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত নানা জটিলতা দেখা দেয়। রাজশাহী শিক্ষা বোর্ডের জনৈক কর্মকর্তা জানান, এগুলির সমাধান করিতে পারেন বোর্ডের চেয়ারম্যান। কিন্তু স্থায়ী চেয়ারম্যান না থাকায় এসব ক্ষেত্রে অসুবিধা হইতেছে। প্রতি-দিন বাহির হইতে বহু স্কুল ও কলে-জের প্রতিনিধিরা দ্রুত তাঁহাদের কাজ সম্পাদন করিতে পারিতেছেন না। ফলে তাঁহারা বোর্ডের এক শ্রেণীর অসাধু কর্মচারীর খপ্পরে পড়িতেছেন। উক্ত কর্মকর্তা জানান, রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯৭ সালের এইচ-এস-সি পরীক্ষায় ২৬৩টি বেসরকারী কলেজের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আনা হইয়াছে। কলেজগুলি সভা-সম্মেলন করিতেছে। এই পরিস্থিতিতে রাজশাহী শিক্ষা বোর্ডে সত্বর চেয়ারম্যান নিয়োগ করা জরুরী হইয়া পড়িয়াছে।